ঝিনাইদহে জুলাই সনদ বাস্তবায়নসহ ৫ দফা দাবিতে জামায়াতের বিক্ষোভ মিছিল ও সমাবেশ

জুলাই জাতীয় সনদ বাস্তবায়নের আদেশ জারিসহ ৫ দফা দাবিতে ঝিনাইদহ জামায়াতে ইসলামীর বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমাবার সকালে ঝিনাইদহ জেলা জামায়াতের উদ্যোগে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে পায়রা চত্বরে গিয়ে সমাবেশে মিলিত হয়।

সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জামায়াতে ইসলামীর ঝিনাইদহ জেলা আমীর ও ঝিনাইদহ-২ আসনের জামায়াত মনোনিত জাতীয় সংসদ সদস্য প্রার্থী অধ্যাপক আলী আজম মো: আবুবকর। এছাড়াও উপস্থিত ছিলেন, ঝিনাইদহ-১ (শৈলকূপা) আসনের সংসদ সদস্য প্রার্থী অধ্যাপক এএসএম মতিউর রহমান, ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য প্রার্থী প্রফেসর মতিয়ার রহমান ও ঝিনাইদহ ৪ আসনের সংসদ সদস্য প্রার্থী মাওলানা মো: আবু তালিব। সমাবেশটির সঞ্চালনায় ছিলেন, ঝিনাইদহ জেলা সেক্রেটারি আব্দুল আওয়াল।

এসময় আরও উপস্থিত ছিলেন, জেলা জামায়াতের নায়েবে আমীর ও ঝিনাইদহ পৌর মেয়র প্রার্থী আব্দুল আলীম, জেলা সহকারী সেক্রেটারি কাজী ছগীর আহমেদ, জেলা বাইতুল মাল সম্পাদক তাজুল ইসলাম, জেলা উলামা বিভাগের সভাপতি মুহাদ্দিস রবিউল ইসলাম, সদর উপজেলা আমীর ড. হাবিবুর রহমান, শহর আমীর অ্যাডভোকেট ইসমাইল হোসেন, হরিনাকুণ্ডু উপজেলার আমীর বাবুল হোসেন, কালীগঞ্জ উপজেলা আমীর আব্দুল হকসহ বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

আজ বিএনপির মনোনয়ন চুড়ান্ত পূর্ব খুলনা বিভাগের শেষ মিটিং

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন যতই এগিয়ে আসছে রাজনৈতিক দলগুলোর পাশাপাশি সাধারণ মানুষের মধ্যেও আলোচনা, তর্ক বিতর্ক বেড়ে চলেছে। এর সঙ্গে যুক্ত হয়েছে সোশ্যাল মিডিয়া প্লাটফর্ম। আজ এক নেতার অনুসারী ‘আলহামদুল্লিাহ’ স্ট্যাটাস দিচ্ছেন তো কাল আরেক নেতা পাল্টা ‘আলহামদুলিল্লাহ’ লিখে মাঠ সরগরম করে রাখছেন। কেউ লিখছেন, ‘দেখা হবে বিজয়ে’ তো কেউ লিখছেন ‘পথ দেখাবে যোগ্য নেতা’। এ ধরণের নানান উপমা, বিশেষণে সোশ্যাল মিডিয়া প্লাটফর্ম ফেসবুক সরগরম হয়ে থাকছে। এর মধ্যে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ফোন কলে আরও সরগরম হয়ে উঠেছে নির্বাচনী মাঠ। সবমিলিয়ে কে হবেন বিএনপির কাণ্ডারি তা হয়তো সপ্তাহখানেকের মধ্যে দলটি নিশ্চিত করবেন।

আজ সোমবার শেষবারের মত খুলনা বিভাগের মনোনয়ন প্রত্যাশীদের নিয়ে মিটিংয়ে বসবেন দলটির শীর্ষ নেতারা। তারেক রহমান ভার্চুয়ালি সভার নেতৃত্ব দেবেন বলেও জানা গেছে। তবে যারা ডাক পেয়েছেন তারা সকলেই আশাবাদি । দলকে ঐক্যবদ্ধভাবে নির্বাচনে মাঠে কাজ করার আহবান জানানোয় হতে পারে আজকের মিটিংয়ের মূল সারমর্ম।

দলের নির্ভযোগ্য সূত্রে জানা গেছে, মেহেরপুরের দুটি আসন থেকে ৫ নেতাকে ডাকা হয়েছে এ মিটিংয়ে। বিকাল ৩ টার দিকে মিটিং শুরু হওয়ার কথা রয়েছে। তবে এই ৫ নেতার মধ্যেই দুই নেতার ভাগ্য খুলবে এটা মোটামোটি নিশ্চিত হওয়া গেছে।

মেহেরপুর -১ আসন থেকে যাদের ডাকা হয়েছে তারা হলেন- সাবেক সংসদ সদস্য ও জাতীয় নির্বাহী কমিটির সদস্য মাসুদ অরুন , জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. কামরুল হাসান ও বাংলাদেশ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক জাকির হোসেন। মেহেরপুর-২ আসন থেকে ডাকা হয়েছে সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেন, জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন।

আজ সোমবার রাজধানীর গুলশানে বিএনপির দলীয় কার্যালয়ে খুলনা বিভাগীয় মনোনয়ন প্রত্যাশী নেতাদের নিয়ে বিএনপির ভারপ্রাপ্ত

চেয়ারম্যান তারেক রহমান ভিডিও কনফারেন্সের মাধ্যমে বৈঠক করবেন।

মেহেরপুর-১ আসন থেকে মিটিংয়ে ডাক পাওয়া এক নেতা জানিয়েছেন, কিছুদিন আগে মহাসচিব ডেকেছিলেন আসন প্রতি মনোনয়ন প্রত্যাশীদের। সেই ধারাবাহিকতায় এভার দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ডেকেছেন বিভাগওয়ারী সকল মনোনয়ন প্রত্যাশীকে। আজ সোমবার খুলনা বিভাগের সকল মনোনয়ন প্রত্যাশী নেতারা মিটিংয়ে উপস্থিত থাকবেন। মেহেরপুর
- ১ আসন থেকে গতবারের মত ৩ জন এবং মেহেরপুর-২ আসন থেকে ২ দুই জনকে ডাকা হয়েছে। মিটিং শেষে বোঝা যাবে কেন ডাকা হয়েছে। তবে আমার মনে হয়েছে মনোনয়ন যাকেই দেওয়া হবে তার হয়েই ঐক্যবদ্ধভাবে কাজ করার নির্দেশ আসতে পারে। মনোনয়ন কে পাবেন আমার মনেহয় তা চুড়ান্ত হয়েই গেছে তবে প্রকাশ হতে হয়তো সপ্তাহখানেক সময় লাগবে বলে জানিয়েছেন এই নেতা।

দর্শনায় আহত দুইজনের পাশে দাড়ালেন বিএনপি নেতা মশিউর রহমান

দর্শনা রামনগর গ্রামের বিএনপি কর্মী মনিরুজ্জামান রুনু গত সপ্তাহে এক ভয়াবহ মোটরসাইকেল দুর্ঘটনায় গুরুতর আহত হয়েছেন। দুর্ঘটনায় তার মাজা থেকে রানের হাড় ভেঙে যাওয়ায় বর্তমানে তিনি অসহ্য যন্ত্রণায় মানবেতর জীবনযাপন করছেন।

এই দুঃসময়েও মানবতার হাত বাড়িয়ে দিয়েছেন দর্শনা পৌর বিএনপি’র সমন্বয় কমিটির সম্মানিত সদস্য আলহাজ্ব মশিউর রহমান। তিনি নিজ উদ্যোগে রবিবার দুপুরে রুনুর বাড়িতে গিয়ে তার শারীরিক অবস্থার খোজখবর নেন এবং আর্থিক সহায়তা প্রদান করেন।

এছাড়াও তিনি খোজ নেন দর্শনা পৌরসভার শ্যামপুর এলাকার মোঃ বকুল হোসেনের, যিনি কিছুদিন আগে গাছ থেকে পড়ে গুরুতর আহত হন। দুর্ঘটনায় তার পায়ের হাড় কয়েক টুকরো হয়ে যায় এবং বুকের হাড় ডান পাশে ভেঙে ভিতরে ঢুকে যায়। এ সময় আলহাজ্ব মশিউর রহমান বকুলের

কাছেও সহানুভূতির হাত বাড়িয়ে দেন এবং তার দ্রুত সুস্থতা কামনা করেন।

এসময় তিনি বলেন, মানুষ মানুষের জন্য। রাজনীতি শুধু ক্ষমতার জন্য নয় মানবতার পাশে দাড়ানোর নামই প্রকৃত রাজনীতি। আমরা চাই, সমাজের প্রতিটি মানুষ একে অপরের দুঃসময়ে এগিয়ে আসুক।

উপস্থিত ছিলেন দর্শনা পৌর বিএনপি’র সমন্বয় কমিটির সদস্য রেজাউল ইসলাম, পৌর ছাত্রদলের সভাপতি আরাফাত রহমান, দর্শনা থানা যুবদলের যুগ্ম আহ্বায়ক লিংকন, ছাত্রনেতা আব্দুর রহিম মুন্না, পৌর ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক মুকিত হোসেন, থানা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক শাহেদ ইসলাম সুজন, কুষকদল নেতা ইসরাফিল হোসেন ও যুবদল নেতা রকি প্রমুখ।

স্থানীয়দের মতে, আলহাজ্ব মশিউর রহমানের এ ধরনের মানবিক উদ্যোগ সমাজে এক অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন করেছে।

গাংনী পৌর বিএনপি’র কর্মীসভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী পৌর বিএনপি’র ৫ ও ৬ নং ওয়ার্ড শাখার কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার সন্ধ্যা সাড়ে সাতটার দিকে গাংনী পৌর শহরের টেপিপড়া ডিজিটাল স্কেলের সামনে উক্ত কর্মী সভার আয়োজন করে গাংনী পৌর বিএনপি।

কর্মী সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র সাবেক সভাপতি ও সাবেক এমপি আমজাদ হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, সাবেক কাউন্সিলর নাসির উদ্দিন।

গাংনী পৌর বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক মুস্তাফিজুর রহমান বাবলুর সঞ্চালনায় কর্মীসভায় সভাপতিত্ব করেন, গাংনী পৌর বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক ইয়ামিন আলী বাবলু। গাংনী পৌর যুবদলের

যুগ্ম আহ্বায়ক মনিরুজ্জামান মনি, সাহারবাটি ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান আসমাতারা, মেহেরপুর জেলা ছাত্রদলের সাবেক সভাপতি নাজমুল হোসেন সহ অসংখ্য নেতাকর্মী।

অনুষ্ঠানে বক্তারা বলেন, আগামী জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান গাংনী থেকে সাবেক এমপি আমজাদ হোসেনকে গ্রীন সিগন্যাল দিয়েছে। সেজন্য আমরা তার পক্ষে অবস্থান নিয়েছি। তবে শেষ পর্যন্ত যদি ধানের শীষের মনোনয়ন অন্য কেউ নিয়ে আসতে পারে আমরা তার পক্ষেই কাজ করবো। ধানের শীষ যার, আমরা বিএনপি নেতাকর্মী সবাই তার।

মেহেরপুরে গণঅধিকার পরিষদের চতুর্থ প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

মেহেরপুরে গণঅধিকার পরিষদের চতুর্থ প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। গতকাল রবিবার বিকেল ৪টায় মেহেরপুর জেলা কার্যালায়ে কেক কাটা ও আলোচনা সভা শেষে কোর্ট মোড়ে মিষ্টি বিতরণের মধ্য দিয়ে দলটির চতুর্থ প্রতিষ্ঠাবার্ষিকী পালন করে গণঅধিকার পরিষদ মেহেরপুর জেলা শাখা।

গণআধিকার পরিষদের চতুর্থ প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ ছাত্র অধিকার পরিষদের কেন্দ্রীয় কমিটির আপ্যায়ন বিষয়ক সম্পাদক ও মেহেরপুর-২ আসনে গণঅধিকার মনোনীত এমপি প্রার্থী মোঃ রাইসুল হক।

মেহেরপুর জেলা গণঅধিকার পরিষদের সাধারণ সম্পাদক মিজানুর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, মেহেরপুর জেলা গণঅধিকার পরিষদের সভাপতি সাইফুল ইসলাম।

এছাড়াও গণঅধিকার পরিষদ মেহেরপুর জেলা শাখার সমাজসেবা সম্পাদক মিনারুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মাজেদুল হক, মেহেরপুর জেলা

ছাত্র অধিকার পরিষদের সভাপতি আলমগীর হোসেন, সাধারণ সম্পাদক জাহিদুল ইসলাম, মেহেরপুর জেলা যুব অধিকার পরিষদের সভাপতি গোলাপ হোসেন সহ দলটির নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরের রাধাকান্তপুরে বিএনপির লিফলেট বিতরণ ও গণসংযোগ

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের ৭নং ওয়ার্ডে বিএনপি’র ৩১ দফা দাবি প্রচারে গণসংযোগ ও লিফলেট বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রোববার বিকেলে রাধাকান্তপুর গ্রামে জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এ কর্মসূচি পরিচালিত হয়। এ সময় তিনি এলাকাবাসীর হাতে বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট তুলে দেন এবং স্থানীয়দের সঙ্গে মতবিনিময় করেন।

গণসংযোগ কর্মসূচিতে জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা অংশ নেন। তাদের মধ্যে ছিলেন, জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সাবেক সদস্য আলমগীর খান ছাতু, জেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপি’র সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাইদুল ইসলাম, পৌর বিএনপি’র সভাপতি আব্দুল লতিফ, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, বুড়িপোতা ইউনিয়ন বিএনপি’র সভাপতি নাসির উদ্দিন, সাধারণ সম্পাদক ফরিদ হোসেন, ৭নং ওয়ার্ডের সভাপতি আমিরুল ইসলাম, সাধারণ সম্পাদক শাহজাহান ও বিএনপি নেতা নাহিদ, আয়নাল সহ স্থানীয় বিএনপি ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরের রামদাসপুরে জামায়াত এমপি প্রার্থী তাজউদ্দিন খানের গণসংযোগ

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের রামদাসপুর গ্রামে গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার বিকাল ৫টার দিকে রামদাসপুর গ্রামের প্রধান সড়ক ও দোকানপাটে এ গণসংযোগ অনুষ্ঠিত হয়।

গণসংযোগে নেতৃত্ব দেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর-১ আসনের প্রার্থী তাজউদ্দিন খান। এসময় আরও উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা শাখার নায়েবে আমির মাওলানা মাহবুব আলম, মেহেরপুর শ্রমিক ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, মেহেরপুর সদর উপজেলা আমির সোহেল রানা, মেহেরপুর সদর উপজেলার সেক্রেটারী ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল ইসলাম মাষ্টার, কুতুবপুর ইউনিয়নের তদাকারী মাওঃ জাবেরুল ইসলাম, কুতুবপুর ইউনিয়নের আমির ইমদাদুল হক, সেক্রেটারি পারভেজ হুসাইন, রামদাসপুর ওয়ার্ড সভাপতি তাছিরুল ইসলামসহ ইউনিয়নের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

গণসংযোগ কর্মসূচিতে আসন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে জনসম্পৃক্ততা বাড়ানো এবং দলীয় প্রার্থীর পক্ষে সর্বাত্মক সমর্থন প্রদানের আহ্বান জানানো হয়।

আলমডাঙ্গায় বেলগাছি ইউনিয়ন বিএনপি’র সহ-সভাপতি ঝন্টু মালিথা নির্বাচিত

আলমডাঙ্গার বেলগাছী ইউনিয়ন বিএনপি’র নব্য নেতৃত্ব ঘোষণায় সিনিয়র সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন ঝন্টু মালিথা।

আলমডাঙ্গা উপজেলার ৮ নম্বর বেলগাছী ইউনিয়নে সম্প্রতি বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র পূর্ণাঙ্গ কমিটি পুনর্গঠনের উদ্দেশ্যে একটি সাধারণ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সভায় ইউনিয়নের ৯টি ওয়ার্ডের সভাপতি, সম্পাদকসহ বিভিন্ন পর্যায়ের নেতাকর্মী উপস্থিত ছিলেন এবং সর্বসম্মতিক্রমে নতুন নেতৃত্ব ঘোষণা করা হয়।

সভায় মোঃ ঝন্টু মালিথাকে সিনিয়র সহ-সভাপতি, মোঃ ছমির মালিতাকে ৯ নম্বর ওয়ার্ডের সাধারণ সম্পাদক এবং মোঃ জিন্নাহ জোয়াদ্দারকে ৩ নম্বর ওয়ার্ডের সহ-সভাপতি হিসেবে নির্বাচিত করা হয়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি আক্তার হোসেন জোয়ার্দ্দার। বিশেষ অতিথি ছিলেন, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক আমিনুল হক রোকন। সভাপতিত্ব করেন, বেলগাছী ইউনিয়ন বিএনপি’র সভাপতি মোঃ আমজাদ হোসেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, সহ-সভাপতি আব্দুস সালাম মাস্টার, সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ বোরহান মেম্বার, সাধারণ সম্পাদক কামাল হোসেন, দপ্তর সম্পাদক বকুল হোসেন, কৃষক দলের সভাপতি মোহাম্মদ বজলুর রহমান, ছাত্র দলের সহ-সভাপতি মোঃ হাবিবুর রহমান, স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক মোহাম্মদ আশরাফুল ইসলামসহ অঙ্গ ও সহযোগী সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

এছাড়া উপস্থিত ছিলেন, বিএনপি’র যুগ্ম সাধারণ সম্পাদক তারিকুল ইসলাম, উপজেলা বিএনপি’র সদস্য তপু রায়হান, যুবদলের সদস্য মমিন মালিতা, এস এম বাপ্পি, জাহাঙ্গির, ইসলাম মালিতা, নূহুনবী, আনিসুর রহমান, ইদ্রিস মল্লিক, আতিয়ার মেম্বার, লিটন, দুর্জয় আহমেদ, মহিদুল, সাগির, হাসিবুল ইসলাম প্রমুখ।

দামুড়হুদায় জামায়াতে যোগদানের মিথ্যা সংবাদের প্রতিবাদে সংবাদ সম্মেলন

দামুড়হুদায় বিএনপি’র ৯১ জন কর্মী সমর্থক জামায়াতে যোগদানের মিথ্যা সংবাদ প্রকাশ ও মিথ্যাচারের প্রতিবাদে দামুড়হুদা উপজেলা বিএনপি’র সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার সন্ধ্যা সাড়ে ৬টায় দামুড়হুদা প্রেসক্লাবে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন, দামুড়হুদা উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

লিখিত বক্তব্যে তিনি বলেন, গত শুক্রবার কিছু অনলাইন ও পরদিন শনিবার স্থানীয় গণমাধ্যমে “চুয়াডাঙ্গার কাদিপুর গ্রামে বিএনপি নেতা নজির আহমেদ ও নূর ইসলামের নেতৃত্বে ৯১ জনের জামায়াতে যোগদান” শিরোনামে সংবাদ প্রকাশিত হয়েছে। উক্ত সংবাদটি সম্পূর্ণ ভিত্তিহীন, বানোয়াট, উদ্দেশ্যপ্রণোদিত ও রাজনৈতিকভাবে প্রণোদিত বিভ্রান্তিকর প্রচারণার বিরুদ্ধে দামুড়হুদা উপজেলা বিএনপি’র সংবাদ সম্মেলনটি অনুষ্ঠিত হয়।

লিখিত বক্তব্যে তিনি আরো বলেন, উল্লেখিত ব্যক্তিরা প্রকৃতপক্ষে জামায়েতের নেতা, কর্মী ও সমর্থক এবং তাদেরকে দিয়েই একটা যোগদান নাটক মঞ্চস্থ করা হয়েছে যা অত্যন্ত দুঃখজনক। এর মধ্যে বিএনপি’র ৯ জনের নাম ব্যবহার করা হযেছে। তারা দীর্ঘদিন ধরে বিএনপি’র সক্রিয় সদস্য এবং দলের বর্তমান সাংগঠনিক কাঠামোতেও তারা দায়িত্বশীল ভূমিকায় রয়েছে। দলীয় নীতি ও আদর্শের সঙ্গে তারা সঙ্গতিপূর্ণ বা সক্রিয় রয়েছেন। বিএনপি’র তারা কেউই ওই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন না।

দামুড়হুদা উপজেলা বিএনপি দৃঢ়ভাবে বিশ্বাস করে জাতীয়তাবাদী আদর্শ, গণতন্ত্র ও জনগণের ভোটাধিকার পুনরুদ্ধারের আন্দোলন থেকে কোনো প্রকৃত নেতা-কর্মী বিচ্যুত হতে পারেন না। তবে যদি কেউ মনে করেন আমি আমার নীতি বা আদর্শ পরিবর্তন করব তাহলে তিনি করতে পারেন,

কোন বাধা নেই। ৮/১০ জন জামায়াতের লোক দিয়ে একটা যোগদান নাটক মঞ্চস্ত করিয়ে বিএনপি ও নির্দলীয় সাধারণ মানুষের নাম ব্যবহার করে মিথ্যাচার করা হয়েছে। এ ধরনের মিথ্যা প্রচারণার মাধ্যমে জামায়াতের প্রত্যক্ষ সহায়তায় বিএনপিকে বিভ্রান্ত ও দুর্বল করার চেষ্টা করছে যা আমরা দৃঢ়ভাবে প্রতিবাদ ও প্রত্যাখ্যান করছি।

আমরা সাংবাদিক ভাইদের কাছে বিনীত অনুরোধ করছি, যাচাই-বাছাই ছাড়া কোনো প্রকার বিভ্রান্তিকর তথ্য প্রচার না করার জন্য।

এছাড়া, উপজেলা বিএনপি স্পষ্টভাবে জানাচ্ছে, দামুড়হুদা উপজেলার প্রত্যন্ত অঞ্চলেও বিএনপি’র সাংগঠনিক কার্যক্রম এখন আগের চেয়ে অনেক বেশি শক্তিশালী ও গতিশীল। জনগণ আজ পরিবর্তনের জন্য ঐক্যবদ্ধ। আমরা বিশ্বাস করি, সত্য ও ন্যায় প্রতিষ্ঠিত হবে ইনশাআল্লাহ। বিভিন্ন অনলাইন ও পত্রিকায় যাদের নাম প্রকাশ করা হয়েছিল তাদের একজন বাদে সবাই উপস্থিত ছিলেন এবং তারা দাবি করেন তারা বিএনপি’র রাজনীতির সাথে জড়িত এবং তারা কেউই বিএনপি থেকে জামায়াতে ইসলামীতে যোগদান করে নাই।

এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপি’র সভাপতি মনিরুজ্জামান মনির, সিনিয়র সহ-সভাপতি আব্দুল ওয়াহেদ, যুগ্ম সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রফেসার আবুল হাসেম, হাউলী ইউনিয়ন বিএনপি’র সভাপতি ইউসুফ আলী, সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী, সহ-সভাপতি মহিউদ্দিন, যুগ্ম সম্পাদক কামরুজ্জামান, সাংগঠনিক সম্পাদক মালেক রুস্তম সহ উপজেলা ও ইউনিয়ন বিএনপি’র বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রকাশিত সংবাদে বিএনপি’র যে ৯জন নেতা-কর্মীর নাম উল্লেখ করা হয়েছে তার মধ্যে ৮জন সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন এবং অসুস্থতার জন্য ১ জন উপস্থিত হতে পারেননি। উপস্থিত ৮ জন হলেন সোহরাব হোসেন, মমিন, খাজা, বাদশা, বখতিয়ার, মাহাতাব, কদর ও আশা মিয়া।

সংবাদ সম্মেলনে এ ৮ জনের সকলে বলেন, আমরা সারা জীবন বিএনপি করে আসছি এখনো বিএনপিতেই আছি। আমরা কেউ জামায়াতে যোগদান করিনি। জামায়াত আমাদের জড়িয়ে মিথ্যা সংবাদ প্রকাশ করেছে।

মেহেরপুরের টেংরামারিতে জামায়াত প্রার্থী তাজউদ্দিন খানের গণসংযোগ

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সদর উপজেলার আমদহ ইউনিয়নের টেংরামারী গ্রামে গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকাল ৫টার দিকে টেংরামারী গ্রামের প্রধান সড়ক ও দোকানপাটে এ গণসংযোগ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে নেতৃত্ব দেন, বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। এসময় আরও উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা জামায়াতে ইসলামীর নায়েবে আমির মাওলানা মাহবুব আলম, মেহেরপুর সদর উপজেলা আমির সোহেল রানা, মেহেরপুর সদর উপজেলার সেক্রেটারী ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল ইসলাম মাষ্টার, আমদহ ইউনিয়নের আমির বজলুর রশিদ, সেক্রেটারি রিপন, টেংরামারী সভাপতি আলামিনসহ ইউনিয়ন নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

গণসংযোগ কর্মসূচিতে আসন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে জনসম্পৃক্ততা বাড়ানো এবং দলীয় প্রার্থীর পক্ষে সর্বাত্মক সমর্থন প্রদানের আহ্বান জানানো হয়।